

India-Uzbekistan Foreign Office Consultations

May 11, 2022

ভারত-উজবেকিস্তান বিদেশ দপ্তর পরামর্শ

মে, 11, 2022

11ই মে, 2022 তারিখে পঞ্চদশতম ভারত-উজবেকিস্তান ফরেন অফিস কনসালটেশন(এফওসি) বা বিদেশ দপ্তর পরামর্শ নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। আলোচনাটির যুগ্ম পৌরোহিত্য করেন শ্রী সঞ্জয় ভার্মা, সচিব(পশ্চিম) এবং উজবেকিস্তান প্রজাতন্ত্রের বিদেশ মন্ত্রকের উপ মন্ত্রী হিজ এম্বলেসি মিস্টার ফুরকাত সিদিকভ। 2020 সালের নভেম্বর মাসে ভার্চুয়াল ফরম্যাটে গত দফার এফওসি অনুষ্ঠিত হয়েছিল।

আলোচনা চলাকালীন , উভয় পক্ষ রাষ্ট্র এবং রাজনৈতিক, প্রতিরক্ষা, বাণিজ্য-অর্থনীতি, যোগাযোগ, উন্নয়নের অংশীদারিত্ব, মানবিক ও সাংস্কৃতিক ক্ষেত্র সহ দ্বিপাক্ষিক সহযোগিতার সম্ভাবনাগুলি নিয়ে ব্যাপক পর্যালোচনা করেছেন। আলোচনা বিশেষভাবে নিবন্ধ ছিল বৃহত্তর অর্থনৈতিক সহযোগিতা এবং ভারত ও উজবেকিস্তানের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করার পদক্ষেপগুলির উপরে। উভয়পক্ষ দুই দেশের মধ্যে বাণিজ্যের জন্য চাবাহার বন্দরের সম্পূর্ণ সম্ভাবনাকে কাজে লাগানোর বিষয়ে সম্মত হয়েছে।

দুই তরফ, আফগানিস্তান সহ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় গুলি নিয়ে মত বিনিময় করেছে। তারা ইউএন, এসসিও এবং অন্যান্য বহুপাক্ষিক ফোরামে সহযোগিতা আরও বৃদ্ধি করার সম্মত হয়েছে। বর্তমানে এসসিও-তে চালু থাকা উজবেকিস্তানের চেয়ারম্যানশিপকে ভারত পূর্ণ সমর্থন জানিয়েছে। উভয়পক্ষ 2022 -এর জানুয়ারিতে প্রথম ভারত-মধ্য এশিয়া শীর্ষ সম্মেলনের উচ্চ মূল্যায়ন করেছে এবং এই শীর্ষসম্মেলনের ফলাফলকে অন্যান্য মধ্য এশিয়ার দেশগুলির সাথে দ্রুততার সাথে বাস্তবায়িত করার জন্য সম্মত হয়েছে।

আলোচনাটি ঐতিহ্যবাহী বন্ধুত্ব ও বোঝাপড়ার মানসিকতায় অনুষ্ঠিত হয়েছে। এফওসিটি, 2020 সালের ভার্চুয়াল শীর্ষ সম্মেলন সহ গত দুই বছরে উচ্চ-পর্যায়ের বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলির বাস্তবায়নের মূল্যায়ন করার ক্ষেত্রে উপযোগী হয়েছে। পরবর্তী আলোচনাটি পারস্পরিক সুবিধামত একটি তারিখে উজবেকিস্তানে করার জন্য দুই তরফ সম্মত হয়েছে।

নিউ দিল্লি

মে 11, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.